গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার,
ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০১.৯৯.০০৪৮.২৬.৭৭

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১৪ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: এ জেড সিগনেচার এ্যাপারেলস লিঃ নামক বস্ত্র শিল্প কারখানার অনুকূলে 'আমদানি নীতি আদেশ ২০২৬-২০২৯' অনুযায়ী ৫ (পাঁচ) বছর মেয়াদে শিল্প আইআরসি জারির সুপারিশপত্র প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: আবেদন পত্রটি হার্ড ফাইলে প্রাপ্ত যার নং-১২৬৪, তারিখঃ ০৮/১০/২০২৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ জেড সিগনেচার এ্যাপারেলস লিঃ, অফিস ও কারখানাঃ ৪৭১/এ, ওয়ার্ড-০৮, ধনকুন্ডা, পোষ্ট: এল এন মিলস-১৪৩২, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ নামক কারখানাটি বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত। যার নিবন্ধন সংখ্যা- আরএমজি/ইএক্সপি/এল ০০০১৫৬২-২০২৬, তারিখঃ ০৪/১০/২০২৬ খ্রিঃ এবং শিল্প উপখাতঃ তৈরী পোশাক (ওভেন ও নীট)। শিল্প প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ কাঁচামাল আমদানির লক্ষ্যে তাদের কারখানার অনুকূলে শিল্প আই আর সি জারির সুপারিশ পত্রের জন্য এ অধিদপ্তরে আবেদন জানালে তাদের দাখিলকৃত কাগজ পত্রাদি অত্র অধিদপ্তরে পরীক্ষা-নিরীক্ষার পর কাঁচামাল আমদানির লক্ষ্যে কারখানার অনুকূলে ষান্মাসিক আমদানি স্বত্ব ২,৫০,০০,০০০/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা ও বার্ষিক আমদানি স্বত্ব ৫,০০,০০,০০০/-(পাঁচ কোটি) টাকা নির্ধারণ করে শিল্প আই আর সি জারির সুপারিশ পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। উল্লেখ্য যে, বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক 'আমদানি নীতি আদেশ ২০২৬-২০২৯' জারিকৃত হওয়ায় উক্ত আদেশের চতুর্থ অধ্যায়ের অনুচ্ছেদ ২৩(ক) মোতাবেক পোষক কর্তৃপক্ষের সুপারিশের ভিত্তিতে শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে ৫ (পাঁচ) বৎসর মেয়াদে শিল্প আমদানি নিবন্ধন সনদ (শিল্প আইআরসি) ইস্যুর বিধান রয়েছে।

৩। উপরোক্ত সিদ্ধান্তের আলোকে বর্তমান আমদানি নীতি আদেশ এবং অন্যান্য সরকারি বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে এ জেড সিগনেচার এ্যাপারেলস লিঃ নামক বস্ত্র শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে ষান্মাসিক আমদানি স্বত্ব ২,৫০,০০,০০০/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা ও বার্ষিক আমদানি স্বত্ব ৫,০০,০০,০০০/-(পাঁচ কোটি) টাকা নির্ধারণ করে (নিষিদ্ধ পণ্য ব্যতীত এবং শর্তযুক্ত পণ্য সংক্রান্ত শর্তসমূহ প্রতিপালন সাপেক্ষে) ৫ (পাঁচ) বছর মেয়াদে শিল্প আইআরসি জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে সুপারিশ করা হলো।

৪। উল্লেখ্য যে, এ সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করবে না।

১৪-১০-২০২৬
মোঃ আব্দুস সালাম
উপপরিচালক (কারিগরি) (ওয়ানস্টপ সার্ভিস সেন্টার)

প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন
(এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩ পুরানা পল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০১.৯৯.০০৪৮.২৬.৭৭/১ (৫)

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১৪ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া, পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩ পুর ানা পল্টন, ঢাকা-১০০০।
২। কমিশনার, কাস্টমস, হাউস, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, এ জেড সিগনেচার এ্যাপারেলস লিঃ, অফিস ও কারখানাঃ ৪৭১/এ, ওয়ার্ড-০৮,, ধনকুন্ডা, পোষ্ট: এ ল এন মিলস-১৪৩২, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।
৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।
৫। অফিস, কপি।

১৪-১০-২০২৬
মোঃ আব্দুস সালাম
উপপরিচালক (কারিগরি) (ওয়ানস্টপ সার্ভিস সেন্টার)